

# CAREER ENSURE MATHS DI/ADVANCE

BY पञ्चा लाल सर  
राम मोहन राय सेमिनरी  
खजांची रोड, पटना – 4  
সম্পর্ক: 9155331061, 8936073729

বিহার বাঙালি সমিতি'র পক্ষ থেকে সমিতির  
সকল সদস্য, সঞ্চিতা পরিবারের সমস্ত পৃষ্ঠপোষক,  
গ্রাহক ও বিজ্ঞাপন দাতাদের আত্মরিক প্রীতি ও  
শুভেচ্ছা জানাই।

সমিতির সব শাখার সদস্যদের সঞ্চিতা  
পত্রিকার গ্রাহক, পৃষ্ঠপোষক হতে আবেদন জানাই।

অঞ্জন কুমার সেন  
যুগ্ম সম্পাদক, জোন – ১

Madan Banik  
Director



Aff. No. - 330766  
Phone : 06254-234085

**RAMKRISHNA VIVEKANAND VIDYA MANDIR**  
Affiliated to CBSE New Delhi  
Manjhariya, Bairiya, West Champaran, Bihar  
English Medium, Co-Education  
Class - NUR - X

E-Mail : rkvvidyamandir@gmail.com



অজয় সান্যাল

সভাপতি

8002838233 পূর্ণিয়া শাখা

অতানু মিত্র

সম্পাদক

9431260002

## বহির্বাঙ্গলার বাঙালিদের মুখ্যপত্র

সংখ্যা - ৬, জুন ২০২০

জ্যৈষ্ঠ – আষাঢ় ১৪২৭

Issue No.— 6, June 2020

মূল্য : ৬ টাকা (বার্ষিক - ৭০ টাকা)

Single Issue : 06/- Annual Fee : 70/-

Website: babihar.org  
E-mail: babihar@gmail.com



## বিহার বাঙালি সমিতি

# GITANJALI PATHO DIAGNOSTICS

Vivekanand Marg, North SK Puri, Boring Road, Patna - 800 013

(0612) 2576123 / 2572429

[www.gitanjalipathodiagnostic.com](http://www.gitanjalipathodiagnostic.com)

- *Advia Centaur CP Immuno Assay System*
- *Siemens Clinitek Novus Fully Automated Urinary Chemistry Analyzer*
- *BN Prospec Fully Automated Rate Nephelometry*
- *BD FACSPresto™ for Rapid CD4 count*

INTRODUCED IN 2015

**Eastern India's First ISO 9001 Certified Lab**

## সম্পাদকৌর

### অভিনন্দন, অঘোর প্রকাশ শিশু সদন

বিদ্যুৎ পাল

সঞ্চিতার পাঠকেরা অনেকেই হয়ত জানেন যে পাটনার বিধানচন্দ্র রায় পথে (চলতি নাম খাজাফিল রোড) একটি বিদ্যালয় আছে, অঘোর প্রকাশ শিশু সদন। বিদ্যালয়ের মূল বাড়িটা বস্তুতঃ অঘোর কামিনী দেবী এবং প্রকাশচন্দ্র রায়ের বাসভবন ছিল এবং এই বাড়িতেই বাংলার কিষ্মতী রাজনীতিবিদ, প্রশাসক, শিল্পসমূহ বাংলার স্বপ্নদষ্ট মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্ম হয়। তাঁর স্মরণে, তাঁর জন্মদিন ১লা জুলাইয়ে প্রতিবছর এখানে বিহার বাঙালি সমিতি যৌথভাবে ‘চিকিৎসক দিবস’ পালন করে।

তবে সেটা এই মুহূর্তে বিচার্য বিষয় নয়। বিচার্য বিষয় এই বিদ্যালয়, যার স্থাপনা করেন বিধানবাবুর মা, শিক্ষাপ্রাণা, মহীয়সী অঘোর কামিনী দেবী। পাড়ার দুষ্ট পরিবারের শিশুদের মাঝে শিক্ষার আলো পোঁছে দিতে এই নিঃশেষ বিদ্যালয় স্থাপিত হয়। পরবর্তিতে, ১৯৪৯ সালে বিধানবাবু একটি ট্রাস্ট তৈরি করে বিদ্যালয়ের পরিচালনভাব ওই ট্রাস্টের হাতে দেন এবং বিদ্যালয়ের বর্তমান নামকরণ করেন। ট্রাস্ট বড় পরিচালন কর্মসূচি তৈরি করে। সেই পরিচালন কর্মসূচিতে বিহারের শিক্ষাবিদরা ও সমাজ সেবীরা ছিলেন। সেসবও ৭০ বছর আগেকার কথা। সময়ের সাথে কিছু সদস্য পাটনা ছেড়ে চলে গেলেন, কিছু সদস্য ইহলোকের মায়া কাটিয়ে পরলোক গমন করলেন। যে সদস্যরা উপস্থিত থাকতেন তাঁরাই একজন নতুন ব্যক্তিকে পরিচালন কর্মসূচিতে নিয়ে আসতেন কোরাম পুরো করতে। ২০০৯/২০১০ সালে বিদ্যালয়ের পরিচালন সমিতির অনুরোধে বিহার বাঙালি সমিতির অধ্যক্ষ ডাক্তার দিলিপ কুমার সিংহ পরিচালন সমিতির অধ্যক্ষ হিসাবে যোগদান করেন। বার্ধক্য জনিত কারণে ও শেষ বয়সে বিহারবাসী - সন্তানেরা বেশির ভাগ বিদেশেই আছে। সন্তানের সঙ্গে থাকার প্রবণতার জন্যে বার বার পরিচালন সমিতি সঙ্কটের সম্মুখীন হওয়ায় বিহার বাঙালি সমিতি উদ্যোগ নিয়ে পঞ্জীকৃত নিয়মাবলী (বাই লজ) অনুসারে পাটনাবাসী শিক্ষাবিদ, ডাক্তার, আইনজীবি, অবসরপ্রাপ্ত ব্যক্তিশীসী, সমাজসেবকদের নিয়ে পরিচালন/প্রবন্ধন সমিতি গঠন করে। অবশ্যই এদের মধ্যে বেশির ভাগই বিহার বাঙালি সমিতির সদস্য। আপাততঃ ওই সমিতির রক্ষণাবেক্ষণেই বিদ্যালয়টি চলছে এবং ডাক্তার বিধানচন্দ্র রায়ের ইচ্ছানুসারে এখনও নিঃশেষই চলছে।

কোরোনা-মহাকালে যখন শিক্ষক, শিক্ষিকাদের মাইনে দেওয়া নিয়ে অভূতপূর্ব সংকট দেখা দেয়, পরিচালন সমিতির সদস্যরা স্বতঃপ্রগোদ্ধি ভাবে নিজেদের মধ্যে টাকা তুলে তিন মাস পুরো মাইনেই দিয়েছেন।

বিদ্যালয়ের ১৮০ বছর পুরান বাড়িটা মেরামত করতে, এবং নতুন কিছু নির্মাণের প্রয়োজনে পরিচালন/প্রবন্ধন সমিতি গতবছর অনুদানের জন্য একটি আবেদন জারি করে। তাতে বর্ণিত ছিল - “বিহার সরকার ১৯৯৫তে এই বিদ্যালয়টিকে ভাষাগত অল্লসংখ্যক সংস্থা ঘোষিত করে এবং সরকারী বেতনমানে ছয়টি শিক্ষকের পদের স্বীকৃতি দেওয়া হয়। সেই ছয়টি স্বীকৃত পদ এখন রিক্ত। বিদ্যালয় ‘প্রবন্ধন সমিতি’ বারবার অনুরোধ করা সত্ত্বেও রিক্ত পদগুলিতে সরকার এখনও কোনো নিয়োগ করেনি। তবে নিয়মমত সাইকেল বিতরণ, ছাত্রীদের দ্বিপ্রাহরিক ভোজন থেকে ছাত্রছাত্রীদের পোষাক ইত্যাদির ব্যবস্থা করা হয়। বিদ্যালয়

## Standard Industries

35, New Market, Patna - 800001

Telephone No. : 0612-2222343  
e-mail : amitmu1947@gmail.com;  
standard7864@gmail.com



For  
Video & Still Photography

Contact : Sujay Bhattacharya  
B. M. Das Road, Patna - 800 004  
Mob. 9835424997, 9661124835

## সুরনন্দন ভারতী

Music, Dance, Yoga, Painting, Recitation, Drama, Crafts, Carnatic Music  
Western Music and Dance Examination Board and Research Institute

## Surnandan Bharati

Legacy Registration No.: SJ/75805 An ISO 9001: 2015 Society  
Member: INTERNATIONAL DANCE COUNCIL (CID) UNESCO

Ritish Ranjan Chakraborty, All India Secretary, Surnandan Bharat  
+91 8981004151 +91 33 2462 4151  
surnandanbharati@yahoo.com ritishchakravarty@yahoo.com  
www.surnandanbharati.com www.ritishchakravarty.com

যে কোনো কুই প্রকাশের জন্য মাপ্যামোৱা কৰোন —  
যোগস্থভাৰতী প্ৰকাশনী, প্ৰয়োজন : সুৱনন্দন ভাৰতী

All books will be registered with the Registrar of Publications, West Bengal with ISBN Number

রা পত্ৰিকা পত্ৰিকা সাম্পত্তি বাৰ্তা  
Surnandan

## সঞ্চিতার প্রকাশনা ও বার্ষিক চাঁদা

এপ্রিল ২০১৯ এ ২০১৮র প্রকাশিত তিন সংখ্যা ও এপ্রিল—আগস্ট ১৯ এর ৫ সংখ্যা ডাক যোগে পাঠানো হয়েছে। যাঁৰা পেয়েছেন তাদের ৯৪৩০২৯৪৮৭ নং এ SMS করে জানাতে অনুরোধ জানাই। সকলকে বর্তমান ঠিকানা, মোবাইল নং ও ই-মেল জানাতে অনুরোধ জানাই।

যাঁৰা বার্ষিক গ্রাহক তাদের সকলকে নিজেৰ বকেয়া (গত তিন বছরে প্রকাশিত ১৬ সংখ্যার ৮০টাকা ও ২০১৯এর চাঁদা (৭০টাকা) মোট ১৫০টাকা তাড়াতাড়ি ব্যাঙ্ক একাউন্টে জমা করে ও সম্পাদককে জানিয়ে সহযোগিতার হাত বাঢ়াতে অনুরোধ জানাই।

ভবনটির রক্ষণাবেক্ষণ করার জন্য প্রতিবছর মাত্র ১২হাজার টাকা দেওয়া হয়। “বিদ্যালয়টিতে প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত সবশুল্ক ৪০০র থেকেও বেশী ছাত্র-ছাত্রী পড়ে। সরকার রিক্তপদগুলিতে এখনও পর্যন্ত নিয়োগ করেনি বলে, বিদ্যালয় কর্তৃপক্ষ নিজের উদ্যোগে কিছু শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করেছে। মাত্র ৪০০০ থেকে ৫০০০টাকা মাসিক বেতনে তাঁরা ছাত্র-ছাত্রীদের পড়ান। এত কম বেতন হওয়া সত্ত্বেও এই শিক্ষক-শিক্ষিকাদের দেওয়া শিক্ষার গুণে প্রতি বছর ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রতিশত ৯০% থেকেও বেশি হয়। এই হার রাজ্যের গড় হারের থেকে অনেক বেশি।

এটাই বিচার্য বিষয় এবং বিষয়টির অবতারণার প্রধান উদ্দেশ্য। এবছরও বিহার বোর্ডের ম্যাট্রিক পরীক্ষায় মোট কুড়ি জন ছাত্রী এই বিদ্যালয় থেকে বসেন এবং উনিশজন উত্তীর্ণ হন। উনিশজনের মধ্যে ঘোলোজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হন, দুজন দ্বিতীয় শ্রেণীতে এবং একজন তৃতীয় শ্রেণীতে। যে একজন উত্তীর্ণ ঘোষিত হননি, তাঁর পরীক্ষাফল আটকে রাখা হয়েছে কেননা তিনি সবকংটি পরীক্ষা দিতে পারেননি।

নিঃসন্দেহে এই বিশ্যবকর পরীক্ষাফলের জন্য অভিনন্দন প্রাপ্ত ওই ছাত্রীদের, যারা এই কোরোনা-বিভিষিকায় আক্রান্ত সময়ে, লকডাউন-জনিত নানান সমস্যা কাটিয়ে নিজেদের বাবা, মা ও দুষ্ট পরিবারের সকলের মুখ উজ্জ্বল করেছেন। অভিনন্দন প্রাপ্ত ঐ শিক্ষক-শিক্ষিকাদের, যাঁরা সারাবছর অত্যন্ত মাইনেতে পড়িয়ে এবং ছাত্র-ছাত্রীদের ক্রমাগত সাহায্য করে তাদের এই পরীক্ষাফলের জন্য তৈরি করেছেন। এমন একটি বিদ্যালয়ের পরিচালনের সাথে যুক্ত থাকার জন্য বিহার বাঙালি সমিতি গর্বিত।

অবশ্যই, এরই সাথে, বিহার বাঙালি সমিতি বিহারের অন্য সমস্ত বিদ্যালয় থেকে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হওয়া অগণিত ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানায়। কোরোনা ও লকডাউনের কালো মেঘাচ্ছন্ন আকাশ তাঁরা সাফল্যের আনন্দে হাসিতে ভরিয়ে দিয়েছেন।

## ৪৪তম কলকাতা আন্তর্জাতিক পুস্তকমেলা বিহার বাঙালি সমিতির স্টল: ৫০৭

### প্রতিবেদন / তন্মুহ বৌর

এবারের কলকাতা আন্তর্জাতিক পুস্তকমেলায় বিহার বাঙালি সমিতির অংশগ্রহণ নানান দিক থেকে গুরুত্বপূর্ণ। পরিকল্পিতভাবে বহু উদ্দেশ্যকে সামনে রেখে একটি আন্তর্জাতিক প্লাটফর্মে উপস্থিত হওয়ার সুগভীর তাৎপর্য আছে।

...শুধু বাংলা ভাষা নয় অন্যান্য অনেক ভাষাই আন্তর্জাতিক ও জাতীয় চাপের কাছে নতি স্বীকার করছে, জ্ঞান-বিজ্ঞান চর্চায় তাদের গুরুত্ব ক্রমশ সংকুচিত হচ্ছে। ব্যবহারিক জীবনে, অর্থনৈতিক দৌড়ে পিছিয়ে পড়তে পড়তে সর্বনাশের কিনারে উপনীত। বাইরের আঘাত যখন তীব্রতর হয় তখন ঘরের ঐক্য দৃঢ় না হলে সমূহ সর্বনাশ। ভারতের ভাষাগুলির ক্ষেত্রে, অত্যন্ত দুর্ভাগ্যজনক ভাবে হলেও, বিষয়টি সত্য হয়ে উঠেছে। নানান রাজনৈতিক লাভ-ক্ষতির অংকে সংকীর্ণ ভাষাজাতীয়তাবাদের সুচুর উপস্থাপনে প্রতিবেশী ভাষাগোষ্ঠীর মধ্যে অনৈক্যের বীজ ব্যঙ্গ হচ্ছে ..... বিহার বাঙালি সমিতির সভাপতি ডাক্তার দিলীপকুমার সিনহার সঙ্গে ভাগলপুরের একটি হোটেলের ঘরে এরকম ঘরোয়া আলোচনা চলছিল - উপস্থিত ছিলেন শ্রীনীতীশ বিশ্বাস, শ্রীতপন সেনগুপ্ত (দিল্লি), শ্রীপ্রদীপ গাঙুলি(দিল্লি), শ্রীবিদ্যুৎ পাল ও শ্রীসুনির্মল জানিয়ে দিতে অনুরোধ জানাই।

Mob.:9386880078 Ph.2301802

## Das Company

OPP. P.M.C.H.MAIN GATE

ASHOK RAJPATH, PATNA – 800 004

A modern house for  
HEARING AIDS, MUSICAL INSTRUMENTS & BOOKS

গোপাল : ৯৪৩১৬৬২৪২৪ / ২৩০৩৬৯৮

শ্রী দুর্গা জুয়েলারী

মাতা মহাকালী মন্দির-বিপরীত

গোবিন্দ মিত্র রোড, লঙ্গরটোলী

পাটনা – ৮০০ ০০৪

Mob. : 9835053664/ 2300186 @  
NEW

## ROY JEWELLERS

No . 8, First Floor, N. P. Centre

New Dak Bungalow Road

Patna – 800 001

Mob. : 9835012908

With Best Compliments from

## M/s Roy Choudhury Photographers

Opp. Patna Collegiate School

DARIYAPUR

PATNA—800 004

Ph. 9835454439

## BASAK STORES

Leading Wholesale Cloth Merchant

Chowdhury Market, Ashok Raj Path

Patna – 800 004

## সঞ্চিতা আমানত কোষ

মোট প্রতিপোষক সংখ্যা - ৫১৬

মোট আমানত : ২,৫০,৬৮৯ টাকা

Bengalee Association, Bihar A/c

Sanchita নামে ১০০০ টাকার চেক/

RTGS/NEFT সমিতির S/B A/c State

Bank of India, Bhiknapahari

Branch এর A/c No. – 11049771396,

IFS Code - SBIN0003561 এ জমা

করতে পারেন। টাকা জমা করে

সম্পদককে (মোট - ৯৪৩০২৯৪৮৭)

জানিয়ে দিতে অনুরোধ জানাই।

দাস। এরকম ঘোরতর সংকটের আলোচনা আরো নানান ক্ষেত্রে, নানান সময় হয়েছে। 'কিছু করতে হবে' - এরকম বুদ্ধিমত মনে জেগেছে; কিন্তু সভাসমিতি থেকে থেকে ফিরে রটি-রোজগারের তাড়নায় এবং 'আর কী হবে?' এরকম একটা মধ্যবিত্ত আলস্যের বিজ্ঞপ্তিগে সব ভুলে যাই। সেদিন আমরা ভেবেছিলাম অনেক আরও অনেক করণীয় কাজের সঙ্গে আগামী কলকাতা আন্তর্জাতিক পুস্তকমেলায় (২৯ জানুয়ারি-৯ ফেব্রুয়ারি, ২০২০) বিহার বাঙালি সমিতি অংশগ্রহণ করুক এবং তা নিম্নোক্ত কারণে

- ১। বিহার বাঙালি সমিতির কার্যকলাপ, ইতিহাস-ঐতিহ্য ক্রমশ বাইরের জগতের কাছে বিস্মৃত হচ্ছে, তাকে আবার পরিচিতির আলোকে আনা।
- ২। বিহার বাঙালি সমিতির সঙ্গে যুক্ত বিহারের নতুন প্রজন্ম এই সমিতিকে আন্তর্জাতিক মধ্যে উপস্থিত দেখলে আরো উৎসাহিত হবে।
- ৩। বিহারের বাঙালিই শুধু নয় পুস্তকমেলায় আগত বিহারের সব ভাষাভাষী মানুষের সাংস্কৃতিক ঠিকানা হতে পারবে এই স্টল।



- ৪। সমিতির কার্যকলাপের বিবরণ, সমিতির ইতিহাস-ঐতিহ্য, সমিতি প্রাকাশিত পত্র-পত্রিকা, স্মরণিকা ও গ্রন্থাদি বৃহত্তর পরিসরে উপস্থাপন করা যাবে।
- ৫। পুস্তকমেলায় বিহার বাঙালি সমিতির সদস্য/সদস্যাদের বা সমিতির পরিচিতদের বই পত্র-পত্রিকা সমিতির স্টলে রাখা যেতে পারে।
- ৬। সম্ভব হলে বিহার বাংলা একাডেমী প্রকাশিত বইপত্র সম্ভব এই স্টলে রাখা হবে। বিহার বাংলা একাডেমির নতুন সভাবনার দিকগুলি এসবের মধ্য দিয়ে জাগ্রত হতে পারে।
- ৭। বহির্বঙ্গের বাঙালিদের মধ্যে হিসাবে ব্যবহার করার জন্য চেষ্টা করা হবে। এখানে বহির্বঙ্গের লেখক, সম্পাদক, বাঙালি প্রতিষ্ঠান তাদের বই, পত্র-পত্রিকা শর্তসাপেক্ষে স্টলে রাখার জন্য আহ্বান জানানো হবে। এর মধ্য দিয়ে বিভিন্ন রাজ্যের ও বিভিন্ন অঞ্চলের বাঙালির লেখক-প্রকাশক সম্পাদকের সঙ্গে পারস্পরিক যোগাযোগ তৈরি হবে। এমনকি যাঁরা দীর্ঘদিন বিহারের ছিলেন কিন্তু বিহার থেকে চলে এসেছেন, তাঁদের বইপত্র রাখা হবে। অন্যান্য প্রকাশনীর বইপত্র রাখা হবে যদি সেগুলো বিহার বা বহির্বঙ্গের বিষয়ে হয় বা বহির্বঙ্গের বাঙালি রচনাকারের হয়।
- ৮। বই/পত্রিকা প্রকাশের আয়োজন করা হবে এবং ছোটো ছোটো আলোচনা বা লেখক-পাঠকদের পারস্পরিক মতামত আদান প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হবে।
- ৯। প্রয়োজনে মেলার কোনো মধ্যে ভাড়া নিয়ে বড়ো করে বহির্বঙ্গের বাঙালী, তাদের সমস্যা, প্রকৃত অবস্থান, করণীয় ও বাংলা সংস্কৃতির বর্তমান অবস্থা নিয়ে সেমিনার ও আলোচনা সভা করা হবে।

- ১০। বেশ কিছুদিন আগে কলকাতা পুস্তকমেলায় লিটল ম্যাগাজিন বাংলা পত্র-পত্রিকার একটি নির্দিষ্ট কর্ণার থাকতো, নানান কারণে তা উঠে গেছে, এমনকি বহির্বঙ্গের থেকে পত্রপত্রিকার সংখ্যাও কমেছে। এই স্টল সেই অভাব পূরণ করতে পারে। যে সব

Ph.: 2521072, (M) 9931202484

## ROY JEWELLERY MART

G- 4, Pushpanjali Place  
Boring Road, Patna - 800 001

## মা বৈষ্ণো জুয়েলারি

পঞ্চুলার প্যালেস, বাঙালি আখাড়ার গলির সামনে  
লঙ্ঘরাটুলি, পাটনা - 800 008  
মো৳ - ৯৮৩৫০৮৭৬৫৯  
২২ ক্যারেট সোনা, রূপা ও হারের গহনা নির্মাতা

0612-2665208, 9835431111

With best Compliments from  
**ROY DIAGNOSTIC**

Ramna Road Corner, Nayatola  
Patna—800 004

With Best Compliments from  
**DADA GARMENTS**

G - 158, Khetan Super Market  
Patna—800 004

## বিহার বাঙালি সমিতি:

### অনিবাসী ভারতীয় সেল গঠন

বিহার বাঙালি সমিতির পক্ষ থেকে অনিবাসী ভারতীয় সেল গঠন (যেসব বাঙালাভাষী বিহার থেকে বিদেশে গেছেন) করা।

**সংগঠিতার পৃষ্ঠপোষক**  
শুভানুধ্যায়ীদের আবেদন জানাই আপনার পরিবারের বা পরিচিতদের মধ্য বিহার থেকে যেসব ব্যক্তিরা বিদেশে গেছেন তাদের নাম ও ই-মেল জোগাড় করে এই ই-মেল E-mail: babihar@gmail.com পাঠাতে। সমিতির পক্ষ থেকে সভাপতি ও কার্যকারী সভাপতি সকলকে সমিতির বিভিন্ন কর্মসূচী (বিদ্যাসাগর ও কর্মাটাঁড়, সংগঠিতা, বিহার হেরাল্ড ও অন্যান্য) বিষয়ে জানিয়ে চিঠি পাঠাবেন ও সহযোগিতার করার বিষয়ে আবেদন জানাবেন।

তাঁরা সমিতির এই স্টেল ব্যবহার করতে পারে।

১১। সামগ্রিকভাবে বিহারে বাংলা সংস্কৃতির পরিচয় সর্বভারতীয় স্তরে প্রসারিত করা এবং ভারতীয় সংস্কৃতির অন্যতম উপাদান হিসেবে সমগ্র বহিবঙ্গকে সঙ্গে নিয়ে শক্তিশালী ভাষাচেতনার অংশীদার হওয়া এর উদ্দেশ্য।

(পরের অংশ আগামী সংখ্যায়)

## বিশ্ব পরিবেশ দিবস (WORLD ENVIRONMENT DAY)

5<sup>th</sup> June 2020

বিশ্ব পরিবেশ দিবস (WORLD ENVIRONMENT DAY: 5<sup>th</sup> June 2020) উপলক্ষে সর্বভারতীয় অনলাইন আঁকা প্রতিযোগিতা (ALL INDIA ONLINE DRAWING COMPETITION): 21<sup>st</sup> June 2020 তিন গ্রুপে করা হবে।

### TOPIC: SAVE ENVIRONMENT

Group – A: 5 - 7 yrs: Group – B: 8 - 10 Yrs, Group – C: 11 – 14Yrs  
সুধী,

বিহার বাংলি সমিতি দ্বারা বিশ্ব পরিবেশ দিবস: (৫ই জুন ২০২০) উপলক্ষে সর্বভারতীয় অনলাইন আঁকা প্রতিযোগিতা 21<sup>st</sup> June 2020 তিন গ্রুপে করা হবে।

প্রত্যেক প্রতিযোগী নিজের নাম, হোয়াটসঅ্যাপ নং ও ই-মেল সহ নিজের আঁকা (পেন্টিংগুলোর) স্পষ্ট ইমেজ ফাইল (মোবাইলের স্ক্যান অ্যাপে করে, JPEG, PNG, PDF File) করে ২১শে জুন ২০২০ বিকেল ৪টোর মধ্যে সমিতির ই-মেলে ([babihar@gmail.com](mailto:babihar@gmail.com)) পাঠিয়ে দেবেন।

Winners will be awarded with Certificate of Appreciation & Prizes

1<sup>st</sup> Prize: Rs. 1000/- 2<sup>nd</sup> Prize: Rs.750/- 3<sup>rd</sup> Prize: Rs. 500/-

Consolation Prizes: 300/-

Note: No Computerised or Decorative Material Allowed

For any Enquiry Contact: 9430294287: Last Date: June 21, 2020



**WORLD ENVIRONMENT DAY: JUNE 5, 2020**

**ALL INDIA DRAWING COMPETITION**

**TOPIC : SAVE ENVIRONMENT**

Group – A: 5 - 7 yrs, Group – B: 8 - 10 Yrs, Group – C: 11 – 14Yrs  
Send your Entries through Email : [babihar@gmail.com](mailto:babihar@gmail.com)

Last Date: 21<sup>st</sup> June 2020

Winners will be Awarded with Certificate of Appreciation & Prizes  
1st Prize: Rs. 1000/- 2nd Prize: Rs.750/- 3rd Prize: Rs. 500/-  
Note: Mention Name , D.o.b , WhatsApp no. & name of School separately.  
Send entries in JPEG, PNG or PDF format!  
No Computerised or Decorative Material Allowed

Organised by:



Bengalee Association, Bihar



Dr.(Capt.) Dilip Kumar Sinha  
President



Sunimal Das  
General Secretary

Rammohun Roy Seminary Campus, Dr. Bidhan Chandra Roy Path, Patna—800 004  
Website: [babihar.org](http://babihar.org), Facebook: Bengalee Association Bihar

২৮শে জুন প্রতিযোগিতার ফলাফল সমিতির ফেসবুক, ওয়েবসাইট ([babihar.org](http://babihar.org)) ও বিহার হেরাল্ড ও সঞ্চিত পত্রিকায় ঘোষণা করা হবে।

9334727580/ 2228648

**AMCO Shoppe**

Golghar Chowk, Budh Marg, Patna-800 001  
Batteries for 2 Wheeler, 4 Wheelers,  
Truck, Tractors, Jeep, UPS

**ROY JEWELLERS**

HARNIWAS COMPLEX  
Dak Bungalow Road, Patna – 800 001  
Ph. : 0612 – 2204890

Deals in : Hallmark Gold Jewellery,  
IGI Certified Diamond Jewellery

9430252695

**তৃণি মিষ্টান্ন ভান্ডার**

কদম্বকুয়া, পাটনা - ৮০০ ০০৩  
মিষ্টি ও পয়েন্তী দই সরবরাহ করা হয়।

Phone : 2230885/8051233640

**Roy Jewellers & Brothers**

B – 83 Maurya Lok Complex  
Dak Bungalow Road  
Patna – 800 001



**Roy Brothers**

(Jewellers)

Hallmark Gold & Silver Ornaments  
Manufactures & Order Suppliers

MACHUATOLI, PATNA – 800 004  
Ph.:268-6914, 2303501, Mob.: 9334328283

9431014297

সঞ্চিতার শুভানুধ্যায়ীদের আন্তরিক

প্রীতি ও শুভেচ্ছা

**সঞ্জয় বসাক**

১০ বি, রাজেন্দ্র নগর, পাটনা - ৮০০ ০১৬

ভারতের সমস্ত বাংলাভাষী সংগঠনকে

অল ইন্ডিয়া বেঙ্গলী এসোসিয়েশন (আইবা)

All India Bengalee Association (AIBA)

(Registration No. District East/Society/1806/15.06.2017)

সদস্য হতে আহ্বান জানাই। যোগাযোগ -

তপন সেনগুপ্ত, সর্বভারতীয় অধ্যক্ষ

[allindiabengaleeassociation@gmail.com](mailto:allindiabengaleeassociation@gmail.com),  
৯৮১০০৬১২৫১

## রাজ্যের সব স্কুলে বাংলা আবশ্যিক করতে হবেঃ

নৌতোশ বিশ্বাস।

অনেকে আমাদের বাংলাভাষা প্রেমকে সংকীর্ণ ভাবেন। তারা ভেবে দেখেননা, মায়ের ভালবাসাও বাইরের থেকে দেখলে সংকীর্ণ মনে হতে পারে। আন্তর্জাতিক দৃষ্টিতে যেমন দেশ-প্রেমকে অনেকে সংকীর্ণ বলেন। তাই ভালবাসা সর্বত্রই একটু সংকীর্ণ হয়। তাবুবাতে চায়না কেবল উদারতা নামক উদরাময় রোগাক্রান্ত ও দেশপ্রেমহীন স্বার্থপুর লোকেরা। তারা যখনভাষা আগ্রাসনের সামনে পড়েন তখন যেনো তাদের কঠে আর জোর থাকেন। তাই বাংলা ভাষার জন্য কেন্দ্রের বাজেটে কোন বরাদ্দ নেই; তাও কোন বাঙালি সাংসদের গলায় একটি শব্দ ফোটেন। নিয়ম থাকলেও কেন্দ্রীয় বিদ্যালয়ের (NCERT) বই বাংলায় এই ৭০ বছরে ছাপা হলন। কেন্দ্রীয় বিদ্যালয়ে নানা অজুহাতে বাংলা পড়ানোর কোন ব্যবস্থাই হলন। রাজ্যে রাজ্যে বাংলা স্কুল উঠে গেল। আকাশবাণীর দিল্লী ও কলকাতা কেন্দ্রের বাংলায় জাতীয় খবর সম্পর্কের বক্ষ হোল। দূরদর্শনে দিল্লীর অযুতচ্যানেল থাকা সত্ত্বেও প্রাইমটাইমে নানা অজুহাতে প্রতিবছর বাংলা অনুষ্ঠান কমিয়ে দেওয়া হচ্ছে। যারা এসব বিষয় জানেন তারা ব্যক্তিস্বার্থে কথা বলেননা। রবীন্দ্র-নজরুলের ঐতিহ্য বিরোধী দিল্লীর নানা “ডেমি-পুরস্কারলোভী” তথা এই মৌলোভাইরাই বাংলার বুদ্ধিজীবীকুলের উজ্জ্বল (!) তিলক। এই অবস্থায় আমরা চোখের সামনে দণ্ডকারণ্যের গোটা ৫০০ বাংলা স্কুল হারিয়ে গেল। আসামে ১৯শে মের যে অর্জন ছিল তাও নিশ্চিহ্ন হয়ে গেল তা যেনো উচ্চারণেই পাপ। এমনকি রবীন্দ্রনাথের বিশ্বভারতীতেও বাংলা আজ পদে পদে আক্রান্ত। কিন্তু কোন দলের মহান নেতারা যেনো কিছুই জানেন না। যেমন আজকের পরিযায়ী শ্রমিকের কথা মোদিজি ভুলেইছিলেন। যেহেতু বাঙালি ছাড়াও নানা ভাষীরা সেদলে আছেন তাই মিডিয়ায় একটু শোরগোল হল। কিন্তু আনন্দামানে সত্য-জনসংখ্যার ৬৪% বাঙালি হলেও সেখানের প্রশাসনিক ভাষা ১৯৮৭ থেকে হিন্দি হয়ে গেল। সেখানেও মাতৃভাষা প্রায় নিশ্চিহ্ন। ঝাড়খণ্ডে ৪২% বাংলাভাষী হলেও এক রাত্রির ফরমাণে বাংলা মাধ্যমের ১০হাজার ছাত্র-ছাত্রীকে হিন্দী মাধ্যমে ঠেলে দিলো। বাংলা স্কুলহীন এখন ওডিশা থেকে উত্তরপ্রদেশ- এমনি ভয়াবহ সেবস্থা। কিন্তু আমাদের বেদনা অন্য রাজ্যেই নয় এই বাংলায়ও এখন বাংলাচাচা নিম্নমুখী।

আসামে সাতদশক ধরে বাঙালি নিধন-নির্যাতন ও বিতাড়ন চলল, তাদের পাশে দাঁড়িয়ে ওখানের কত বামপন্থীরা প্রাণ দিলেন। তারপরও বাংলার বনেদী পাঁচি আর তার মহাপ্রাণ নেতারা এই সংকীর্ণ বাঙালি রক্ষার রাজনীতি করতে এগিয়ে এলেন না। আসলে তাদের কতজাতীয় ও আন্তর্জাতিক বিষয় নিয়ে ভাবতে হয় এসব তুচ্ছ বিষয় চর্চার সময় কোথায়?

তাই এসব হতভাগ্য ভাইবনের কথা আমাদের মনেও আসেনা। আর ভোট-সর্বশ্রেষ্ঠ রাজনৈতিক দলগুলি দেখলো এদেরতোএখানে ভোট নেই, এসব সর্ব ভারতীয় অবান্তর বিষয়ের দায়তো সর্ব ভারতীয় কমিটি। আর সেসব কমিটির বাঙালি সদস্যরা এতোই দলানুগত যে এই সব সংকীর্ণ ইসু তোলার মতো মূর্খ-সদস্যের অভাব হইল। শুধুকি তাই কলাটা মূলোটার উজ্জ্বল চেহারা দেখে সেসব কথা বলার যেনো মনোবলই তারা পেলেননা। তাই রাজ্য ও কেন্দ্রে বাংলা ভাষা ও বাঙালিরাই ভারতে আজ সবচাইতে অবহেলিত। কবির ভাষায়, ‘বাংলা ভাষা জননী, তুমি এদেশে সন্তানহানা’।

(পরের অংশ আগামী সংখ্যায়)

## সঞ্চিতা

গত মাসে সঞ্চিতার পৃষ্ঠপোষক ও গ্রাহক সহ শুভানুধ্যায়ীদের সঞ্চিতা পত্রিকা ই-মেল ও হোয়াটসআপ নম্বরে পাঠানো হয়েছে। এর জন্য কয়েকটা হোয়াটসআপ গ্রুপ বানিয়েছি। এখনও পর্যন্ত অনেকের থেকে ইএমেল ও হোয়াটসআপ নম্বর পাইনি। সকলকে অনুরোধ নিজের ই-মেল ও হোয়াটসআপ নম্বর ৯৮৩০২৯৮২৮৭ জানিয়ে সহযোগিতা করতে। বাড়ির কারুর হলেও চলবে।

## PAL SAREE NIKETAN

Specialist in :

Bengal Handloom Saree, Cuttck &  
Fancy Saree, Salwar Suit  
Bari Path, Patna—800 004

## ANNAPURNA CATERER

&

## PACKAGING SERVICE

Sanchyan, Kidwaipuri,  
Patna—800 001

Mob. : 9334512656 / 9934209251/  
9334253321

Calls for All Occasion & Seasons

annapurnacaterer@yahoo.in

9334157725 (M)

## SRI MANI PRINTERS

### QUALITY OFFSET PRINTER

Babuganj, Near Gaighat

Gulzarbagh, Patna – 800 007



Mob. 9334335762

## Paul Optico

Opp. Rabindra Furniture

Patna Collegiate Lane, Nala Road

Patna – 800 004 SUNDAY CLOSED

Ph.: 2301978, (M) 9334123007

## ROY JEWELLERY WORKS

Gobinda Complex

Gobind Mitra Road, Patna-800 004

## বুকের মাঝে নজরুল

আশীষ ঘোষ, কিশনগঞ্জ

তোমাকে যে নামেই ডাকি  
জানি তা সম্পূর্ণ নয়।  
ভেবেছি তোমাকে আশ্রয় করে উত্তীর্ণ হব কিন্তু পথ হারিয়েছি  
বার-বার।  
উৎস খোজার নেশায়  
অতলে ঢুব দিয়ে শুধু  
কিছু মুক্তো পেয়েছি,  
অবিনশ্বর নদী রয়ে গেছে অচেনা।  
স্বপ্ন মাথা ও চোখে কি করে  
জ্বলেছো এত আগুণ,  
ধারণ করেছ বাঁশিতে বিশাগ  
বীণার সুরে বহি-মন্ত্র ?  
ভীত শক্তি চিত্ত নিভীক  
আত্মবলে বলিয়ান সৈনিক।  
হঠাতে বাড়ে দিশেহারা  
ধূমকেতু পথ ভোলা।  
জানিনা কোন অভিমানে  
নিরব হলে হে চির বিদ্রোহী?  
চুরুলিয়ার দুখু মিয়া  
বুকের মাঝে বাস তোমার।।

\*\*\*\*  
কবি প্রণাম

চিত্তরঞ্জন শর্মা

সে যে বিদ্রোহী বীর,  
আজি স্মরণ করিয়েছ তাঁরে,  
যারে আর খুজিয়া নাহী পাই -  
দিশেহারা হয়ে খেই যে হারাই।  
তাহার অসংখ্য লেখালেখি,  
যা আছে রাখা, করি পরিপাটি,  
তা আজও সত্য, চিরদিনের খাঁটি-  
কেবল মাথা কুটে-করি ঘাঁটাঘাঁটি।  
জীবনে যে বিদ্রোহী - নত করোনিকো শির,  
চিত্ত যাহার ভয় শূন্য - হৃদয় গভীর।  
তার কথা শুনি, বুকে জাগে আশা,  
প্রকাশের তরে নাহী মোর ভাষা।  
ওগো কে তুমি দিলে ছোঁওয়া, তারিই বাঁশির গানে,  
নুতন জোয়ার তাই এল যেন প্রানে,  
পাষাণের তুমি ভাঙ্গাইলে শুম,  
তাই কি চারদিকে মাতিয়াছে ধূম।  
তাঁরে আজি এই শুভক্ষণে,  
শ্রদ্ধা প্রনাম জানাই জন্মদিনে।।

\*\*\*\*

## কাজী নজরুল ইসলামের জন্মদিনে শ্রদ্ধার্ঘ্য

নিসার আমিন

দুখু ঠাকুর এবং ঈদ ফসল  
একটি মাস ফসল ফলানোর কসরত  
আজ কাটার দিন

ফিরনি গোশত সেমাইয়ের হাসিহাসি লজ্জত  
দেব না ধর্ম পুরোহিতের হাতে  
বরং নিত উপগোপীর পাত পড়ুক ছন্দে  
ছলকে ছলকে উঠুক টায়রার বোল

দূরত্বে থাকো মানে দূর হও তো নয়  
ভাবনা ঘরের দরজা তো চিরকাল খোলা  
সাগর এবং পিপাসা নিয়ে রস হীন বার্তালাপে  
টেলে দেওয়া যাক মাহফিল আর মুজরার আমোদ  
দূরে সরে গেলেও আবার ফিরে আসি  
শিউলিলার মেয়েটির কাছে  
হাতের তালুতে মেহেন্দি সুবাসে আঁকিয়ে নেব  
সওয়াল মাসের চাঁদপানা মুখ  
হে মহাপ্রেমিক কবি মূর্তিমান বিদ্রোহ  
আজ আপনার জন্মদিন কোলাকুলি করছে ঈদ শিশুর সাথে  
এবং রমজান পতাকায় বিশ্ব শান্তির উড়ন

\*\*\*\*

## বিহার বাঙালি সমিতি

### ইউটিউব চ্যানেল (YouTube Channel)

বিহার বাঙালি সমিতি'র একটা ইউটিউব চ্যানেল (YouTube Channel) পরিচালনা করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

এ বিষয়ে কে কি ভাবে সহযোগিতা করতে পারবেন, তা জানাতে অনুরোধ জানাই।

**বিহার বাঙালি সমিতি ওয়েবসাইট:**  
[babihar.org](http://babihar.org)

**Facebook: Bengalee Association Bihar**

এ সমিতি সংক্রান্ত বিভিন্ন খবরাখবর পাওয়া যায়।  
দেখতে অনুরোধ জানাই।

### 'বিহার বাঙালা ভাষী সম্মেলন': কলকাতা

৭ই এপ্রিল ২০২১এ  
যোগাযোগ: সুনির্মল দাশ, সম্পাদক (৯৮৩০২৯৮২৮৭)

## কলকাতা বইমেলা সংখ্যা: ২০২১:

### সঞ্চিতার সাহিত্য সংখ্যা প্রকাশ

আগামী কলকাতা বইমেলা ২০২১ উপলক্ষে \*সঞ্চিতার সাহিত্য সংখ্যা\* প্রকাশ করতে অগ্রসর হয়েছি। আপনার \*শ্রেষ্ঠ রচনা\*টি (প্রবন্ধ/গল্প/কবিতা/ভ্রমণ/রম্য রচনা/অন্যান্য রচনা) পাঠাতে অনুরোধ জানাইছি। ৩০০০-৩২০০ শব্দের মধ্যে আপনার রচনা সৌমিত্র থাকা জরুরী। ১৫ই জুলাই ২০২০র মধ্যে আপনার রচনাটি সমিতির ই-মেলে ([babihar@gmail.com](mailto:babihar@gmail.com)) পাঠাতে অনুরোধ জানাই।

আপনার লেখাটি অন্ত বাঙালি সফটওয়্যার (Abhra Bangla software) এ compose করিয়ে ই-মেল করে পাঠিয়ে দেবেন। বেশি বয়সের কারণে কেউ যদি নেহাই অসমর্থ হন তাহলে পুরানো পদ্ধতি অর্থাৎ কাগজের একদিকে হাতে লিখেই পাঠাবেন। লেখা নির্বাচন এবং প্রয়োজন মনে হলে লেখায় কোন পরিবর্তনের অধিকার সম্পাদক মন্তব্য হাতে থাকবে।

আমরা মনে করি বিহার ও বহির্বঙ্গের বাঙালি ভাষা-সাহিত্য চর্চা ও সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার দায়িত্ব সমিলিত ভাবে আমাদের। সবাই আমরা বাংলা ভাষার সৈনিক। একদিকে নিজের শ্রেষ্ঠ রচনাটি দিয়ে সঞ্চিতার এই প্রয়াসকে সার্থক করে তুলুন আবার সম্ভব হলে দু একটি বিজ্ঞাপন বা কিছু অনুদানের জোগাড় করে এই কঠিন প্রয়াস কে সফল করতে সাহায্যের হাত বাঢ়ান। মেলের প্রাপ্তি সংবাদ দিয়ে বা সম্পাদকের মোবাইলে এস এম এস (sms), টেলিফোন (৯৮৩০২৯৮২৮৭) করে জানিয়ে দিতে অনুরোধ জানাই।

আমরা মনে করি বিহার ও বহির্বঙ্গের বাঙালি ভাষা-সাহিত্য চর্চা ও সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার দায়িত্ব সমিলিত ভাবে আমাদের। সবাই আমরা বাংলা ভাষার সৈনিক। একদিকে নিজের শ্রেষ্ঠ রচনাটি দিয়ে সঞ্চিতার এই প্রয়াসকে সার্থক করে তুলুন আবার সম্ভব হলে দু একটি বিজ্ঞাপন বা কিছু অনুদানের জোগাড় করে এই কঠিন প্রয়াসকে সফল করতে সাহায্যের হাত বাঢ়ান।

যোগাযোগ: সুনির্মল দাশ, সম্পাদক (৯৮৩০২৯৮২৮৭)

If undelivered, please return to  
**SANCHITA, Bengalee Association, Bihar**  
Rammohun Roy Seminary  
Dr. Bidhan chandra Roy Path, Patna - 800 004  
Editor Mob. No. : 9430294287  
Website : [babihar.org](http://babihar.org) : Email : [babihar@gmail.com](mailto:babihar@gmail.com)

## বিহার বাঙালি সমিতি মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল : কোর্টড—১৯

সুধী,

গত ১১.৪.২০২০তে করোণা - ১৯ মোকাবিলা করার জন্য বিহার মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল'এ (Chief Minister Relief Fund, Bihar) বিহার বাঙালি সমিতির পক্ষ থেকে ১ লক্ষ টাকা দান দেওয়ার জন্য সমিতির শুভানুধ্যায়ীদের কাছে দান করতে আবেদন জানিয়েছিল। সমিতির ডাকে শুভানুধ্যায়ীরা সারা দিয়ে সাধ্যমত দান করা শুরু করেছেন।

সমিতির বিভিন্ন পদকর্তা সহ আজীবন সদস্য ও সঞ্চিতার পৃষ্ঠপোষকদের ও অন্যান্য সহদয় ব্যক্তিদের আবেদন জানাই তাঁরা নিজেদের মত করে দান করে সমিতির এই কাজে সহযোগিতার হাত বাঢ়াবেন।

আমরা এই দান যদি তুলতে পারি তা মোট ২,০০,০০০টাকা হবে। সাধ্যমত বেশি টাকাও দান করতে অনুরোধ জানাই।

কেন্দ্রীয় সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বরে টাকা জমা করতে অনুরোধ জানাই।

**Bengalee Association, Bihar**

A/c No. 11049771147, SBI, Bhikhnapahari  
Branch, Patna, IFCS Code SBIN0003561

কেন্দ্রীয় পদকর্তাগণ নিজেদের জোনের শাখা সম্পাদকদের সঙ্গে যোগাযোগ করে সদস্যদেরকে এই কাজে দান করতে অনুরোধ জানান। এ পর্যন্ত ২৭জন শুভানুধ্যায়ী ২৮,৭৫০টাকা দান করেছেন। সমিতির তরফ থেকে সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।